



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬৩.২৩.৭৪

তারিখ: ১৪ মাঘ ১৪৩০

২৮ জানুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৩৫৯৪/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলনিশির জবাব প্রদানসহ মোকদ্দমাটি সরকারপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৩৫৯৪/২০২৩-এর ১৯/১১/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলাধীন চন্দনাইশ উপজেলার হাসিমপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে ২নং সংরক্ষিত আসনের সদস্য পদে জনাব ফয়েজুল্লাহ বুলু জয়লাভ করেন। ফলে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব রহিমুল্লাহ খানম উক্ত নির্বাচনী ফলাফলকে চ্যালেঞ্জ করে ইলেকশন ট্রাইব্যুনাল কেস নং ২১/২০২২ রুজু করেন। জনাব জনাব ফয়েজুল্লাহ বুলু ইলেকশন ট্রাইব্যুনাল-এর উক্ত সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে আপিল দায়ের করেন। ইলেকশন ট্রাইব্যুনাল শুনানি অন্তে ভোট পুনঃগণনার আদেশ প্রদান করে আপীল্যান্টপক্ষের প্রতিকূলে সিদ্ধান্ত প্রদান করেন। ফলে জনাব জনাব ফয়েজুল্লাহ বুলু সংস্কৃত হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৩৫৯৪/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং জেলা প্রশাসক, চট্টগ্রাম-কে ৪নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৩৫৯৪/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলনিশির জবাব প্রদানসহ মোকদ্দমাটি সরকারপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8250/potrojariAttachmentRef/52454/0/2240)

২৮-১-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬৩.২৩.৭৪/১

তারিখ: ১৪ মাঘ ১৪৩০

২৮ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
- ২) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৮-১-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)